গলফের প্রশংসা লারার

বেঙ্গালুরু, ৭ নভেম্বর ঃ বাইশ গজে ক্রিকেট বলকে শাসন করলেও গলফের বলকে নিয়ন্ত্রণ করা যে বেশ কঠিন তা জানিয়ে দিলেন ব্রায়ান লারা। ক্রিকেটকে বিদায় জানানোর পর গলফ স্টিক হাতে বিভিন্ন টুর্নামেন্টে দেখা যায় ক্রিকেটের রাজপুত্রকে। তবে ক্রিকেটের থেকে এই খেলাটা যে কঠিন তা মানছেন লারা। তাঁর কথায়, 'গলফ একটা অদ্ভুত খেলা। তবে এই খেলা আমাকে শৃঙ্খলা শিখিয়েছে। ক্রিকেট মাঠে দীর্ঘদিন খেললেও গলফই আমাকে শিখিয়েছে আরও নিখুঁতভাবে বল নিয়ন্ত্রণে রাখার পদ্ধতি।' ক্রিকেটের পাশাপাশি পেশাদার গলফ টুর্নামেন্টে অংশ নিয়েছেন কপিল দেব, জ্যাক কালিস, সাইমন কাটিচরা। তবে লারার চোখে প্রাক্তন অস্ট্রেলিয়ান অধিনায়ক রিকি পন্টিংই সেরা। লারা বলেছেন, 'গলফ কোর্সে কপিল দেব, কালিসকে দেখেছি তবে পন্টিংয়ের মতো ধারাবাহিকতা কারো নেই।' ১৯৯৪ সাল থেকে স্যার গ্যারি সোর্বাসের সঙ্গে গলফ খেলা শুরু করলেও ব্যাটিং ক্ষতিগ্রস্ত হতে পারে এই আশঙ্কায় ক্রিকেট জীবনে ওই খেলাকে প্রাধান্য দেননি লারা। প্রাক্তন ক্যারিবিয়ান ক্রিকেটার বলেছেন, 'গলফ মূলত খেলেন ডান হাতি ক্রিকেটাররাই, তবে আমার বাঁ-হাতে খেলতে কোনো অসুবিধা হয় না।'

প্রথম ট্রফির খোঁজে মহমেডান

গুয়াহাটি, ৭ নভেম্বর ঃ বরদলৈ ট্রফির ফাইনাল ম্যাচে বৃহস্পতিবার অয়েল ইন্ডিয়া এফসি-র মুখোমুখি হচ্ছে মহমেডান স্পোর্টিং। মরশুমের প্রথম ট্রফি ঘরে তুলতে মরিয়া সাদা-কালো ব্রিগেড। শেষ ম্যাচে বিএসএফ জলন্ধরকে সাডেন ডেথে হারিয়ে ফাইনালে উঠেছে রঘু নন্দীর দল। অয়েল ইন্ডিয়া দলে কোনো বিদেশি না থাকলেও তাদের হালকাভাবে নিচ্ছেন না মহমেডান কোচ। কারণ বিপক্ষ দলের কোচ হিসাবে রয়েছেন অভিজ্ঞ সুব্রত ভট্টাচার্য (জুনিয়ার)। ম্যাচের আগের দিন মূল স্টেডিয়ামে ঘণ্টাখানেক অনুশীলন করেন ফিলিপ আদজারা। ফাইনাল ম্যাচে রক্ষণকে শক্তিশালী করেই আক্রমণে যেতে চাইছেন রঘু। তিনি বলেন, 'আগামীকালের ম্যাচে আমরা স্বাভাবিক খেলাই খেলবো। আমাদের প্রথম লক্ষ্য গোল না খাওয়া। আশাকরি ট্রফি জিতেই মাঠ ছাড়ব।' অন্যদিকে, সুব্রত ভট্টাচার্য বলেন, 'মহমেডান শক্তিশালী প্রতিপক্ষ হলেও আমরা জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী।' এই ম্যাচ দেখতে মাঠে উপস্থিত থাকবেন অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল।

বিশ্বজয়ীদের সংবর্ধনা ওড়িশায়

ভুবনেশ্বর, ৭ নভেম্বর ঃ ১৯৭৫ সালে বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের জীবিত সদস্যদের সংবর্ধনা দেওয়ার সিদ্ধান্ত নিল ওড়িশা সরকার। হকি বিশ্বকাপের উদ্বোধনী অনুষ্ঠান ২৭ নভেম্বর হবে। সেদিনই তাঁদের সংবর্ধিত করার সিদ্ধান্ত নিয়েছেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চে বিশ্বজয়ী স্কোয়াডের ১৩ জন সদস্যের হাতে আর্থিক পুরস্কারও তুলে দেওয়া হবে। তবে পুরস্কারমূল্য এখনও ঠিক হয়নি। জীবিত সদস্যদের মধ্যে অধিনায়ক অজিত পাল সিং, ধ্যানচাঁদের ছেলে অশোক কুমার, মহম্মদ আসলাম শের খান, হরচরণ সিং, লেসলি ফার্নান্ডেজ, বারিন্দার সিং, অশোক দিওয়ান, মিচেল কিনডো, বিপি গোবিন্দ, এইচজেএস চিমনি, ভিজে ফিলিপস, ওঙ্কার সিং ও কালিয়াহ পিই-কে বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা দেওয়া হবে। এছাড়াও প্রয়াত সুরজিৎ সিং ও শিবাজি পারওয়ারের স্ত্রী ও মহিন্দার সিংয়ের ভাইকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

রেফারির সিদ্ধান্তে ক্ষুব্ধ নেইমার।

ড্র প্যারিস সাঁ জাঁ, বার্সেলোনার

জঘন্য খেলে হার লিভারপুলের

বেলগ্রেড, ৭ নভেম্বর ঃ দীপাবলির রাতে অঘটনের সাক্ষী থাকলেন ফুটবলপ্রেমীরা। মঙ্গলবার চ্যাম্পিয়ন্স লিগের আসরে রেডস্টার বেলগ্রেডের মুখোমুখি হয়েছিল জুরগেন ক্লপের লিভারপুল। সেই ম্যাচে মহম্মদ সালাহদের ২-০ গোলে হারিয়ে চমক দিল সার্বিয়ার দলটি। শুধু লিভারপুল নয়, মঙ্গলবার আটকে গেল বার্সেলোনা, প্যারিস সাঁ জাঁ-র মতো ইউরোপের সেরা দলগুলিও। গ্রুপ সি-র অপর ম্যাচে পিএসজি-র মুখোমুখি হয়েছিল নাপোলি। সেই ম্যাচ ১-১ গোলে শেষ হয়। অন্যদিকে, গ্রুপ 'বি'র ম্যাচে ইন্টার মিলানের সঙ্গে ১-১ গোলে ড্র করল বার্সেলোনা। গ্রুপ 'এ'-র ম্যাচে সাউল নিগুয়েজ এবং আন্তোয়া গ্রিজম্যানের গোলে বরুশিয়া ডর্টমুন্ডকে হারিয়েছে অ্যাটলেটিকো মাদ্রিদ। আগের ম্যাচে এই ডর্টমুন্ডের কাছে ৪-০ গোলে হেরেছিল রোজি ব্ল্যাঙ্কোসরা। এদিন সেই হারের মধুর প্রতিশোধ নেওয়ার পর অ্যাটলেটিকো কোচ দিয়েগো সিমিওনে বলেন, 'আগের ম্যাচে হারের লজ্জাটা দলের কেউই মেনে নিতে পারেনি। তাই ছেলেরা আজ মরিয়া ছিল। সেই আগ্রাসী মনোভাব ফুটবলারদের খেলায় দেখা গিয়েছে।' এদিকে, ফের ঘরের মাঠে হারের স্বাদ পেল থিয়েরি অঁরির মোনাকো। ক্লাব বার্গের কাছে রাদামেল ফালকাওরা হারলেন ৪-০ গোলের ব্যবধানে।

ইংলিশ প্রিমিয়ার লিগে দুরন্ত ছন্দে থাকলেও চ্যাম্পিয়ন্স লিগে ইতিমধ্যেই হোঁচট খেয়েছে লিভারপুল। তারমধ্যেই সার্বিয়ার রেডস্টার বেলগ্রেডের বিরুদ্ধে সুইস তারকা জারদান শাকিরিকে বসিয়ে নতুন বিতর্কের জন্ম দিয়েছেন কোচ জুরগেন ক্লপ। তার প্রভাব মঙ্গলবার দলের পারফরম্যান্সেও দেখতে পাওয়া গেল। রেডস্টারের বিরুদ্ধে দাগ কাটতে পারলেন না সালাহ থেকে শুরু করে ফিরমিনহোর মতো তারকারাও। উলটে বেলগ্রেডের মিলান পাভকভের জোড়া (২২, ২৯ মিনিট) গোলে হার হজম করতে হয় গতবারের রানার আপদের। ম্যাচ শেষে হতাশ লিভারপুল কোচ ক্লপ বলেন, 'ছেলেরা আজ খুব খারাপ খেলেছে। এর থেকে অনেক ভালো খেলা উপহার দেওয়ার ক্ষমতা রয়েছে লিভারপুলের। খেলোয়াড়রাও হতাশ।' প্রসঙ্গত, ১৯৯১ সালে ইউরোপিয়ান কাপ জিতেছিল রেডস্টার বেলগ্রেড। সেই জয়ের ২৬ বছর পর ফের ইউরোপের সেরা টুর্নামেন্টে জয়ের স্বাদ পেল সার্বিয়ার ক্লাবটি। লিভারপুলের হারের দিন পিএসজি-র সঙ্গে ১-১ গোলে ড্র করে গ্রুপ শীর্ষে উঠে এল নাপোলি। প্রথমার্ধের অতিরিক্ত সময়ে জুয়ান বার্নেটের গোলে এমবাপেরা এগিয়ে গেলেও দ্বিতীয়ার্ধে লরেঞ্জো ইনসিগনের পেনাল্টিতে (৬২ মিনিট) সমতা ফেরায় কার্লো আন্সেলোত্তির দল। ম্যাচ শেষে রেফারির সিদ্ধান্ত ঘিরে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় নেইমারকে। ক্ষুব্ধ নেইমারের অভিযোগ, 'মাঠে রেফারি আমার সঙ্গে অসম্মানসূচক আচরণ করেছেন। এটা কখনই মেনে নেওয়া যায় না।' পাশাপাশি নাপোলির গোল নিয়ে রেফারির বিরুদ্ধে ক্ষোভ উগড়েছেন পিএসজি কোচ টমাস টুচেল।

এদিকে, মেসিকে ছাড়াই চ্যাম্পিয়ন্স লিগের নকআউটের পথে এগিয়ে গেল বার্সেলোনা। মঙ্গলবার গ্রুপ 'বি'র ম্যাচে চোটের জন্য লিওনেল মেসিকে ছাড়াই ইন্টার মিলানের বিরুদ্ধে খেলতে নেমেছিল আর্নেস্তো ভালভার্দের দল। সেই ম্যাচে ম্যালকমের গোলে (৮৩ মিনিট) এগিয়ে গিয়েও জয় ছিনিয়ে আনতে পারল না কাতালান জায়ান্টরা। ম্যাচের ৮৭ মিনিটে মাউরো ইকার্ডির গোলে হার বাঁচায় ইতালির দলটি। খেলা শেষে ইন্টারের গোলদাতা ইকার্ডি বলেন, 'আমরা আজ বিশ্বের সেরা দলের বিরুদ্ধে খেলতে নেমেছিলাম। তবে বার্সার বিরুদ্ধে পিছিয়ে পড়েও আমরা হাল ছেড়ে দিইনি। বরং আক্রমণাত্মক খেলে আমরা পয়েন্ট ছিনিয়ে নিতে সক্ষম হয়েছি।' গ্রুপের অপর ম্যাচে পিএসভি আইন্দহোভেনের বিরুদ্ধে পিছিয়ে পড়েও হ্যারি কেনের জোড়া গোলে জয় পেয়েছে টটেনহ্যাম।

একনজরে চ্যাম্পিয়ন্স লিগ

মোনাকো ০-৪ ক্লাব বার্গ
রেডস্টার বেলগ্রেড ২-০ লিভারপুল
অ্যাটলেটিকো মাদ্রিদ ২-০ বরুশিয়া ডর্টমুন্ড
টটেনহ্যাম ২-১ পিএসভি আইন্দহোভেন
ইন্টার মিলান ১-১ বার্সেলোনা
নাপোলি ১-১ পিএসজি
এফসি পোর্তো ৪-১ লোকোমোটিভ মস্কো
শালকে ২-০ গালাতাসারে



রেডস্টারের কাছে হারের পর হতাশ লিভারপুলের মহম্মদ সালাহ।

গল টেস্টে দাপট মইনদের

গল, ৭ নভেম্বর ঃ প্রথমে ব্যাট হাতে বেন ফোকস, তারপর বল হাতে মইন আলির দুরন্ত স্পিন। সাঁড়াশি আক্রমণে গল টেস্টের দ্বিতীয় দিনে চাপে শ্রীলঙ্কা।

আগের দিন ৮৭ রানে অপরাজিত থাকা ইংল্যান্ডের মিডলঅর্ডার ব্যাটসম্যান বেন ফোকস এদিন শতরান পূর্ণ করেন (১০৭)। পাশাপাশি, প্রথম ইনিংসে ফোকসের ব্যাটে ভর করেই ৩৪২ রান করে ইংল্যান্ড। জবাবে ব্যাট করতে নেমে শুরু থেকেই লঙ্কান ব্যাটসম্যানদের উপর চাপ বজায় রাখেন জেমস অ্যান্ডারসন, স্যাম কুরানরা। তবে কুশল মেন্ডিস, দীনেশ চান্ডিমলরা সবথেকে বেশি সমস্যায় পড়েন ইংল্যান্ডের মইন আলিকে সামলাতে গিয়ে। ৬৬ রানে ৪ উইকেট নিয়ে লঙ্কান ব্যাটিং লাইনআপকে একাই ভাঙেন এই অফস্পিনার। তাঁর বোলিং দাপটে প্রথম ইনিংসে ২০৩ রানেই অলআউট হয়ে যায় শ্রীলঙ্কা। অ্যাঞ্জেলো ম্যাথিউজ (৫২) ছাড়া আর কেউই শ্রীলঙ্কার হয়ে অর্ধশতরান করতে পারেননি। দুটি করে উইকেট পেয়েছেন জ্যাক লিচ এবং আদিল রশিদ।

দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে দ্বিতীয় দিনের শেষে ইংল্যান্ডের স্কোর বিনা উইকেটে ৩৮। ক্রিজে রোরি বার্নস (১১) এবং কেটন জেনিংস (২৬)। শ্রীলঙ্কার থেকে ১৭৭ রানে এগিয়ে রুট বাহিনী।

মইনকে ঘিরে উল্লাস সতীর্থদের।

চেলসির লক্ষ্য শেষ ষোলো

অপরাজিত থাকতে চায় আর্সেনাল

লন্ডন, ৭ নভেম্বর ঃ মরশুমের শুরুতে ম্যাঞ্চেস্টার সিটি ও চেলসির কাছে হারের পর অনেকেই তাদের মান নিয়ে প্রশ্ন তুলে দিয়েছিলেন। কিন্তু সেখান থেকেই আর্সেন ওয়েঙ্গারের জুতোয় পা গলানো উনাই এমরির কোচিংয়ে ঘুরে দাঁড়ানোর কাজ শুরু করে আর্সেনাল। নিটফল, সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে শেষ চোদ্দোটি ম্যাচে অপরাজিত তারা। যার জেরে প্রিমিয়ার লিগে চার নম্বরে উঠে এসেছে গানার্সরা। এবার ইউরোপা লিগেও এহেন অপরাজিত দৌড় বজায় রাখতে বৃহস্পতিবার ঘরের মাঠে স্পোর্টিং লিসবনের বিরুদ্ধে নামছে তারা। এই ম্যাচে জয় পেলে প্রি-কোয়ার্টার ফাইনালের বার্থও নিশ্চিত করে ফেলবে আর্সেনাল। অন্যদিকে, ইংল্যান্ডের আরেক ক্লাব চেলসিও শেষ ষোলো নিশ্চিত করতে অ্যাওয়ে ম্যাচে বেলারুশের ক্লাব এফসি বিএটিই বরিসভের মুখোমুখি হবে।

ইপিএলে শুরুটা ভালো না হলেও ইউরোপাতে ৩ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে 'ই'গ্রুপের শীর্ষে রয়েছে আর্সেনাল। পাশাপাশি, শনিবার ঘরোয়া লিগে শক্তিশালী লিভারপুলকে আটকে দেওয়ায় আরও আত্মবিশ্বাসী দেখাচ্ছে গানার্সদের। ফলে ১৫ দিনের মধ্যে দ্বিতীয়বার স্পোর্টিংকে হারিয়ে প্রি-কোয়ার্টার ফাইনালে পৌঁছে যাওয়া আর্সেনালের জন্য একপ্রকার সময়ের অপেক্ষা। আর দলের এই ধারাবাহিকতার জন্য কোচ এমরিকে কৃতিত্ব দিয়েছেন চলতি মরশুমে প্রথমবার আর্সেনালে আসা জার্মান গোলরক্ষক বার্নাড লেনো। তাঁর কথায়, 'কোচ আমাদের স্বাভাবিকভাবে খেলার স্বাধীনতা দিয়েছেন। আমি এমরি ও ওয়েঙ্গারের মধ্যে তুলনায় যাব না। কিন্তু এমরি আসার পর অনেক কিছু পরিবর্তন হয়েছে। আমরা আগ্রাসনের পাশাপাশি ডিফেন্সে শৃঙ্খলা দেখাতে পারছি। আমরা যদি এই ধারাবাহিকতা বজায় রাখতে পারি তাহলে এই মরশুমে আমাদের জন্য অনেক ভালো কিছু ঘটতে চলেছে।'

অন্যদিকে, ইপিএলের পাশাপাশি ইউরোপাতেও ভালো জায়গায় রয়েছে চেলসি। তবে তার চেয়েও দলের সেরা স্ট্রাইকার আলভারো মোরাতার গোলখরা কাটিয়ে ওঠা চেলসির কোচ মৌরিসিও সারিকে বেশি স্বস্তি দেবে। কেননা, মোরাতাকে বাদ দিয়ে বাকি দল নিয়ে চিন্তার খুব একটা জায়গা নেই সারির। একটা সময় ৩১ ম্যাচে মাত্র চার গোল করা এই স্প্যানিশ স্ট্রাইকার শেষ দুই সপ্তাহে ৬ ম্যাচে পাঁচ গোল করেছেন। যে খুশিটা রিয়াল মাদ্রিদের প্রাক্তনী মোরাতার গলায়ও ফুটে উঠেছে। তাঁর কথায়, 'গত দুই সপ্তাহ ধরে আবার গোল পাচ্ছি। দল ভালো খেলছে। ফলে গোল করা নিয়ে আর ভাবছি না।' ফলে ইংল্যান্ডের দুই ক্লাব একই দিনে ইউরোপার পরবর্তী রাউন্ড নিশ্চিত করতে পারে কিনা সেটাই দেখার।

অভিমন্যু-প্রয়াসকে পাচ্ছে না বাংলা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ নভেম্বর ঃ রনজি মরশুমের শুরুটা ভালো হয়েছে বাংলার। কিন্তু এখনও অনেক পথ চলা বাকি। আগামীর লক্ষ্যেই আপাতত বাংলা টিম ম্যানেজমেন্টের পাখির চোখ ঘরের মাঠে মধ্যপ্রদেশ ম্যাচ। ১২ নভেম্বর থেকে শুরু হতে চলা সেই ম্যাচের জন্য কাল সন্ধ্যায় বাংলার দল নির্বাচন। মধ্যপ্রদেশ ম্যাচে দলের প্রথম একাদশের দুই তরুণ অভিমন্যু ঈশ্বরণ ও প্রয়াস রায় বর্মনকে পাচ্ছে না বাংলা। তাঁরা অনূর্ধ্ব-১৯ ও ভারতীয় 'এ' দলের প্রতিনিধিত্ব করতে যাচ্ছেন। এমন অবস্থায় অভিমন্যুদের বিকল্প খুঁজে নেওয়ার কঠিন চ্যালেঞ্জের সামনে বাংলার নির্বাচকরা।

দল নির্বাচনে অভিমন্যুদের বিকল্প বাছাইয়ের পাশে আরও বড়ো চ্যালেঞ্জ রয়েছে সিএবি ও বাংলা টিম ম্যানেজমেন্টের জন্য। নেপথ্যে অধিনায়ক মনোজ তিওয়ারি। তিনি বাকি রনজি মরশুমে বাংলার নেতৃত্বের দায়িত্ব সামলাবেন কি না, আজও স্পষ্ট হয়নি। আজ বিকেলে সিএবি সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়, যুগ্মসচিব অভিষেক ডালমিয়ার সঙ্গে অধিনায়ক মনোজ তিওয়ারির বৈঠকে বসার কথা ছিল। কিন্তু কোনোপক্ষই সময় বের করতে না পারায় বৈঠক বাতিল হয়েছে। সিএবি সূত্রের খবর, কাল সন্ধ্যায় বাংলার দল নির্বাচনের আগে সিএবি সভাপতি ও যুগ্মসচিবের সঙ্গে আলোচনায় বসতে চলেছেন অধিনায়ক মনোজ। জানা গিয়েছে, সিএবি কর্তারা মনোজের মুখ থেকে সরাসরি তাঁর ভবিষ্যতের ভাবনার কথা শুনতে চাইছেন। যদি মনোজ ফের বলেন যে, তিনি বাংলার নেতৃত্ব ছাড়তে চান, তাহলে হয়তো আর তাঁকে থাকার জন্য অনুরোধ করা হবে না সিএবি-র তরফে। বরং বিকল্প হিসেবে দলের অধিনায়ক পদে সুদীপ চট্টোপাধ্যায়ের নাম কালই ঘোষণা করে দেওয়া হবে। সিএবি-র এক কর্তা বলছিলেন, 'মনোজের অধিনায়কত্বের নাটক নিয়ে আমরা বিরক্ত। সব ভুলে নিজের খেলায় মনোজ মনোনিবেশ করলে ওর সঙ্গে বাংলারও ভালো হবে।'

সবমিলিয়ে বাংলার অধিনায়কত্ব ও মনোজ তিওয়ারি নাটকের ক্লাইম্যাক্স হয়তো কালই। যেখানে স্পষ্ট হবে, 'মনোজদের অদ্ভুত বাড়ির' নেতৃত্ব কার হাতে থাকবে।

গ্যালাক্সিতেই থাকতে চান ইব্রা

লস অ্যাঞ্জেলস, ৭ নভেম্বর ঃ ম্যাঞ্চেস্টার ইউনাইটেড বাদে পৃথিবীর যে ক্লাবে তিনি পা রেখেছেন সেখানেই সাফল্য তাঁর কাছে ধরা দিয়েছে। কেরিয়ারের সায়াহ্নে এসে মেজর লিগ সকারের ক্লাব লস অ্যাঞ্জেলস গ্যালাক্সিতে যোগ দেওয়ার পরও সেই ধারাবাহিকতায় ছেদ পড়েনি। চলতি মরশুমে দল এমএলএস কাপের প্লে-অফে উঠতে না পারলেও ২৭ ম্যাচে ২২ গোল করে দুর্দান্ত ছন্দে রয়েছেন সুইডেনের প্রাক্তন স্ট্রাইকার জলাটান ইব্রাহিমোভিচ। একাধিক রিপোর্ট অনুযায়ী, আসন্ন মরশুমের জন্য ইতিমধ্যেই ইউরোপের বিভিন্ন ক্লাব তাঁর দিকে হাত বাড়িয়েছে। সবার আগে রয়েছে এসি মিলান। যদিও আগামী মরশুমেও গ্যালাক্সিতেই থাকার ইঙ্গিত দিলেন ইব্রা। এ প্রসঙ্গে তিনি বলেছেন, 'আমার কাছে প্রত্যাবর্তনের মানে হল ট্রফি জেতার চ্যালেঞ্জ নেওয়া। আমি এখানে ছুটি কাটাতে আসিনি। ফলে আগামী মরশুমে এই ক্লাবে থাকলে দলকে ট্রফি জেতানোই আমার প্রধান লক্ষ্য থাকবে। আমি এমএলএসে সেরা হতে চাই।'

অনুষ্ঠান নানা চ্যানেলে

ওয়াইল্ড ফ্র্যাঙ্ক
সন্ধে ৭টায়, ডিসকভারি চ্যানেলে

হিট দ্য রোড ইন্ডিয়া বিকেল সাড়ে ৪টায় এপিক চ্যানেলে

দ্য সিক্রেটস অফ ইওর ফুড
সন্ধে ৭টায় সোনি বিবিসি আর্থ চ্যানেলে

খেলা

ইউরোপা লিগ

সোনি টেন ওয়ান ঃ রাত ১১.২৫ লাজিও বনাম অলিম্পিক মার্সেই, রাত ১.৩০ আর্সেনাল বনাম স্পোর্টিং সিপি। সোনি টেন টু ঃ রাত ৯.২০ ফেনেরবাখ বনাম অ্যান্ডারলেখট, রাত ১১.২৫ বেট বনাম চেলসি। সোনি টেন থ্রি ঃ রাত ১১.২৫ স্পার্টাক মস্কোভা বনাম রেঞ্জার্স। সোনি ইএসপিএন ঃ রাত ৯.২০ আস্থানা বনাম জ্যাবলোনেক, রাত ১১.২৫ আখিসার বনাম সেভিয়া। স্টার স্পোর্টস ওয়ান/থ্রি/জলসা মুভিজ/এইচডি ঃ সন্ধে ৭.৩০ ইন্ডিয়ান সুপার লিগ গোয়া বনাম দিল্লি ডায়নামোস। সোনি টেন টু ঃ সকাল ১০.০০ শ্রীলঙ্কা বনাম ইংল্যান্ড, প্রথম টেস্ট ম্যাচের ৩য় দিনের খেলা গল থেকে। স্টার স্পোর্টস টু ঃ কাবাডি লিগ, সন্ধে ৭.৫০ হরিয়ানা স্টিলার্স বনাম দাবাং দিল্লি। রাত ৯.০০ ইউপি যোদ্ধা বনাম বেঙ্গালুরু বুলস। **(ম্যাচগুলি দেখুন সরাসরি)**

ডিডি বাংলা

সকাল ৭.০০ সকাল সকাল (লাইভ ফোন ইন), ১০.৩০ সাঁওতালি অনুষ্ঠান, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৪.০০ কেরিয়ার প্লাস (লাইভ ফোন ইন), ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.০০ ক্যামেরা চলছে, ৬.৩০ সুস্বাস্থ্য (লাইভ ফোন ইন), ৭.৩০ মুশকিল আসান (লাইভ ফোন ইন), রাত ৯.০৫ কথায় কথায়, ১০.০০ সংবাদ প্রবাহ

জিওস্ট্রম দুপুর ১.৫২ মিনিটে এইচবিও চ্যানেলে

শুধু তোমারই জন্য রাত সাড়ে ৯টায় জলসা মুভিজে

গোলমাল এগেইন দুপুর ২.০৫ মিনিটে স্টার গোল্ডে

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ বদনাম

আকাশ আট ঃ দুপুর ১.৩০ ভালো মেয়ে মন্দ মেয়ে

কালার্স বাংলা ঃ দুপুর ২.০০ ওয়ান্টেড

জলসা মুভিজ ঃ সকাল ৯.১০ আই লভ ইউ, দুপুর ১২.৩০ তুলকালাম, বিকেল ৩.২০ ১০০% লভ, রাত ৯.৩০ শুধু তোমারই জন্য

জি বাংলা সিনেমা ঃ সকাল ১০.১৫ ফাইটার মল্লু সিং, দুপুর ১.১৫ পথভোলা, বিকেল ৩.৫৫ সুন্দর বউ, সন্ধে ৭.০০ অভিমান, রাত ১০.০০ বিধির বিধান

জি সিনেমা ঃ বেলা ১১.২৯ ওয়ান্টেড, দুপুর ২.৪৬ আ ফ্লাইং জাট, সন্ধে ৬.০২ দ্য রিয়াল টাইগার, রাত ৯.০০ শিবম

অ্যান্ড পিকচার্স ঃ সকাল ১০.২৫ নাম্বার ওয়ান বিজনেসম্যান, দুপুর ১.১৩ আই, বিকেল ৪.৫২ রা ওয়ান, রাত ৮.০০ টয়লেট এক প্রেমকথা

স্টার মুভিজ ঃ বেলা ১১.৪১ বেবি'জ ডে আউট, দুপুর ১.৪৩ কার'স-থ্রি, বিকেল ৩.৪৫ এলিয়েন, সন্ধে ৬.১৮ লাইফ অফ পাই, রাত ৯.০০ প্রিডেটর, ১১.১৮ কম্যান্ডো